



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/১৪৫(০২)/২৩৫

তারিখ :

বিষয় : জনাব দীপক কুমার দে, সাময়িক বরখাস্তকৃত প্রভাষক, পৌরনীতি -এর স্বপদে পূর্ণবহাল প্রসঙ্গে।

সূত্র : এ বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১২-০৩-২০১৭ খ্রি. তারিখের ৬৩ তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১২-০৩-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে খুলনা জেলার রূপসা উপজেলাধীন “রূপসা মহিলা কলেজ”- এর পৌরনীতি বিষয়ের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক “জনাব দীপক কুমার দে” এর বিষয়টি নিয়ে বিশদভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয়। উক্ত সভায় জনাব দীপক কুমার দে এর বিরুদ্ধে আনিত অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদন সূক্ষ্মভাবে যাচাই বাছাই করে সংশ্লিষ্ট কলেজের পৌরনীতি বিষয়ের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব দীপক কুমার দে এর বিরুদ্ধে আনিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তার সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক তাকে স্ব-পদে পূর্ণবহাল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, গত ১২-০৩-২০১৭ খ্রি. তারিখের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৬৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক খুলনা জেলার রূপসা উপজেলাধীন রূপসা মহিলা কলেজের পৌরনীতি বিষয়ের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক “জনাব দীপক কুমার দে” এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক তাকে স্ব-পদে বহাল করে তার প্রাপ্য সমূদয় বকেয়া বেতন-ভাতাদি পরিশোধ করার জন্য বলা হ’ল।

স্বঃ—

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

সভাপতি

গভার্ণিং বডি

রূপসা মহিলা কলেজ

ডাক: দেবিপুর, রূপসা, খুলনা।

স্মারক নং- ক/অ/১৪৫(০২)/২৩৫(৮)/৫

তারিখ : ২৭/৩/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। অধ্যক্ষ, রূপসা মহিলা কলেজ, ডাক: দেবিপুর, রূপসা, খুলনা।
- ৭। জনাব দীপক কুমার দে, সাময়িক বরখাস্তকৃত প্রভাষক (পৌরনীতি), রূপসা মহিলা কলেজ, ডাক: দেবিপুর, রূপসা, খুলনা।
- ৮। অফিস নথি।

২৭/৩/১৭
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২৭/৩/১৭